

# Pfizer COVID-19 টিকা নেওয়া

যেহেতু COVID-19 ভ্যাকসিনটি নতুন, তাই ভ্যাকসিন নেয়ার আগে, নেয়ার সময় ও নেয়ার পরে কী হবে সেই সম্পর্কে আপনার প্রশ্ন থাকতে পারে। আপনার আরো প্রশ্ন থাকলে, আরো জানতে এই প্রচারপত্রটি ব্যবহার করুন এবং ডাক্তার বা নার্সের সঙ্গে কথা বলুন।

## কী প্রত্যাশা করবেন:

### আপনার ভ্যাকসিন নেয়ার আগে:

- এই মুহূর্তে আপনার COVID-19 টিকা নেওয়া উচিত কিনা তা দেখতে কোনো ডাক্তার বা নার্সের সাথে কথা বলুন।
- ভ্যাকসিন সম্পর্কে আপনার প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে তা আমাদের জানান! আমরা আপনার সাহায্যের জন্যই আছি।



12-15 বয়সী ব্যক্তির এখন Pfizer ভ্যাকসিন পেতে পারেন। আপনার বয়স যদি 18 বছরের কম হয়, তবে আপনার পিতামাতা বা অভিভাবককে এটি নেওয়ার জন্য সম্মতি দিতে হবে।

### আপনার ভ্যাকসিন নেয়ার সময়:

- আপনার হাতের উপরের দিকে একটি শট দেয়া হবে।

### আপনার ভ্যাকসিন নেয়ার পর:

- আপনার দ্বিতীয় ইঞ্জেকশনের জন্য আপনাকে 21 দিনের মধ্যে কেন্দ্রে ফেরত আসতে হবে। সম্পূর্ণরূপে সুরক্ষিত হওয়ার জন্য আপনাকে দুটি ইঞ্জেকশনই নিতে হবে।
- ভ্যাকসিন বাস্তুবে কেমন কাজ করে তা সম্পর্কে আমরা যা জেনেছি সেই হিসেবে এগুলো করে আপনাকে নিজেকে ও অন্যদেরকে COVID-19 থেকে সুরক্ষিত রাখা গুরুত্বপূর্ণ:
  - জনবহুল স্থানে আপনার নাক ও মুখ ঢাকা থাকে এমন মাস্ক পরা।
  - অন্যদের থেকে অন্তত 6 ফুট দূরে থাকা।
  - ঘনঘন আপনার হাত ধোয়া।
  - ভীড় এড়িয়ে চলা।

প্রথম শটের অ্যাপয়েন্টমেন্টের তারিখ: \_\_\_\_\_

দ্বিতীয় শটের অ্যাপয়েন্টমেন্টের তারিখ: \_\_\_\_\_



# ভ্যাকসিন থেকে কি কোনো পার্শ্ব প্রতিক্রিয়া হয়?

- ভ্যাকসিন নেয়ার পর আপনার কিছু পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে। আপনার শরীর COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষা তৈরি করছে এই উপসর্গগুলি সেগুলির লক্ষণ। আপনার হয়তো ক্লু হয়েছে এমন মনে হতে পারে, কিন্তু কয়েক দিনের মধ্যেই পার্শ্ব প্রতিক্রিয়া সেরে যাবে।
- এখনও পর্যন্ত জানা গেছে যে, কিছু মানুষের COVID-19 ভ্যাকসিনের দ্বিতীয় শট নেয়ার বেশি করে পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

প্রচলিত পার্শ্ব প্রতিক্রিয়া:	ডাক্তারকে কখন ফোন করতে হবে:
<ul style="list-style-type: none"><li>• শট দেয়ার স্থানে ব্যথা বা ফুলে যাওয়া</li><li>• জ্বর বা ঠান্ডা লাগা</li><li>• ক্লান্তি</li><li>• মাথা ব্যথা</li></ul>	<ul style="list-style-type: none"><li>• যে স্থানে শট দেয়া হয়েছে সেই স্থানে 24 ঘন্টার পরেও লাল হয়ে থাকা ও তীব্র ব্যথা হওয়া বেড়ে গেলে</li><li>• যদি কয়েক দিনের মধ্যে পার্শ্ব প্রতিক্রিয়ার অবনতি হয় বা না সারে</li><li>• <b>জরুরী অবস্থার জন্য 911 কল করুন।</b></li></ul>

## আমার পার্শ্ব প্রতিক্রিয়া হলে কার সঙ্গে যোগাযোগ করব?

- আপনার কোনো পার্শ্বপ্রতিক্রিয়া থাকলে আপনার PCP-এর সাথে যোগাযোগ করুন। আপনার PCP না থাকলে, 866-246-8259 নম্বরে CHN-এর সাথে যোগাযোগ করুন
- সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC) V-Safe এর মাধ্যমে আপনার পার্শ্বপ্রতিক্রিয়াগুলি রিপোর্ট করতে আপনার জন্য টুলস গড়ে তুলেছে।

**V-safe** হল একটি টুল, যা পার্শ্ব প্রতিক্রিয়া জানানোর জন্য আপনার স্মার্টফোনে ব্যবহার করা যেতে পারে। V-safe এর মাধ্যমে, কখন আপনাকে দ্বিতীয় শটের জন্য যেতে হবে তার অনুস্মারক পাবেন।

- V-safe এ সাইন আপ করার পর, এতে আপনার ফোন নম্বর দিতে বলা হবে। ভ্যাকসিন নেয়ার পর আপনি কেমন আছেন তা দেখার জন্য যাতে আপনি হেলথ চেক-ইন সহ বার্তা পান তার জন্য এটি করা হয়েছে। V-safe এ আপনার প্রদত্ত প্রতিটি ব্যক্তিগত তথ্য সুরক্ষিত থাকবে।

- **V-safe** একটি ঐচ্ছিক টুল। সাইন আপ করবেন কি না তা আপনি ঠিক করবেন। আপনি V-Safe ব্যবহার না করার সিদ্ধান্ত নিলে, টিকা নেওয়ার পরে আপনার কোনো গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিলে অবিলম্বে কোনো ডাক্তার বা নার্সকে জানান।

- পার্শ্ব প্রতিক্রিয়া জানাতে রোগী ও প্রদানকারীরাও ভ্যাকসিন এডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (**VAERS**) ব্যবহার করতে পারেন।

[vaers.hhs.gov/reportevent.html](https://vaers.hhs.gov/reportevent.html) এ আরো জানুন



আরো জানতে  
[www.cdc.gov/vsafe](https://www.cdc.gov/vsafe)  
দেখুন অথবা স্মার্টফোনে QR কোড  
ব্যবহার করুন।